



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ইমেইলঃ [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd); হেল্পলাইনঃ ১৬১০৮

### সংবাদ বিজ্ঞপ্তিঃ

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-২০৫

তারিখঃ ১৯ ডিসেম্বর ২০২৩

### সংবাদ বিজ্ঞপ্তিঃ

## রাজনীতি মানুষকে বাঁচিয়ে রাখার জন্য, মানুষ মারার জন্য নয়- ড. কামাল উদ্দিন আহমেদ

আজ মঙ্গলবার রাজধানীতে যাত্রীবাহী ট্রেনে আগুনের ঘটনায় ঘটনাস্থল পরিদর্শন করেছে জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদের নেতৃত্বে প্রতিনিধি দল। এ সময় উপস্থিত ছিলেন কমিশনের মাননীয় সার্বক্ষণিক সদস্য জনাব মোঃ সেলিম রেজা, সচিব (ভারপ্রাপ্ত) জনাব মোঃ আশরাফুল আলম এবং পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব কাজী আরফান আশিকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ।

আজ মঙ্গলবার ভোরে রাজধানীতে মোহনগঞ্জ এক্সপ্রেস নামের ট্রেনে আগুনে ৪ জনের মর্মান্তিক মৃত্যুর ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে জাতীয় মানবাধিকার কমিশন। কমিশনের চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ বলেন, ‘যারা এ নৃশংস কাজটি করলো, কেনো করলো তা আমাদের মনে বড় প্রশ্ন। এ ধরনের কাজ করা কোনো রাজনীতি নয়। রাজনীতি মানুষকে বাঁচিয়ে রাখার জন্য, মানুষ মারার জন্য নয়। দেশের সম্পদ নষ্ট করার জন্য নয়। যারা এ ধরনের কর্মকাণ্ড করেন বা এ ধরনের রাজনীতির পেছনে আছেন তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। পুলিশসহ সকল আইনশৃঙ্খলা বাহিনীকে সতর্ক থাকতে হবে, নজরদারি বাড়াতে হবে এবং এ ধরনের হত্যাকাণ্ড থেকে জনগণকে রক্ষা করতে হবে। আমাদের সকলকে জনগনের মনে আস্থা ফেরাতে কাজ করে যেতে হবে। মনে রাখতে হবে রাজনীতি মানে মানুষের ক্ষতি করা না, বরং মানুষের কল্যাণে কাজ করা।

তিনি আরো বলেন, আমরা নির্বাচনের দিকে এগিয়ে যাচ্ছি। কেউ যদি অন্তর্ঘাতমূলক বা নাশকতামূলক কাজ করতে চায় তাহলে অবশ্যই ব্যবস্থা নিতে হবে এবং আমাদের জনগণকে নৃশংশ হত্যাকাণ্ড থেকে রক্ষা করতে হবে।

সম্প্রতি ক্রমাগত রেল দুর্ঘটনার বিষয়টি জনমনে উদ্বেগ এবং আশংকা সৃষ্টি করেছে। উদ্দেশ্যমূলকভাবে জনসাধারণের চলাচলে বিঘ্ন ঘটানো মানবাধিকারের চরম লঙ্ঘন। নিরীহ ব্যক্তিদের আগুনে পুড়িয়ে হত্যা জঘন্য অপরাধ। জাতীয় মানবাধিকার কমিশন রেলওয়ে কর্তৃপক্ষ, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আহ্বান জানায় এবং এরকম অপরাধের সাথে জড়িতদের কঠোর শাস্তি নিশ্চিত করার আহ্বান জানায়।

কমিশন মনে করে, এ ধরনের উদ্দেশ্যমূলক কর্মকাণ্ড প্রতিরোধ করতে সকলকে সচেতন থাকতে হবে। সহিংস ঘটনায় দূত নাশকতাকারীদের শনাক্ত এবং বিচারের আওতায় নিয়ে আসতে হবে। নিরাপরাধ জনগণকে হত্যা করে এবং রাষ্ট্রীয় সম্পদের ক্ষতি করে এমন জনবিরোধী কর্মকাণ্ড প্রতিরোধ করতে হবে।

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ।

